পোশাক শ্রমিকদের জন্য মজুরি নির্ধারণে বোর্ড গঠন করে গেজেট প্রকাশ



ছবি: সংগৃহীত

পোশাকশ্রমিকদের নতুন ন্যূনতম মজুরি নির্ধারণের প্রক্রিয়া শুরু করতে নিম্নতম মজুরি বোর্ড গঠন করেছে সরকার। এ বিষয়ে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের জারি করা দুটি পৃথক প্রজ্ঞাপন রোববার (১ নভেম্বর) গেজেট আকারে প্রকাশ করা হয়েছে।

'বাংলাদেশ শ্রম আইন, ২০০৬' (সংশোধিত ২০২৬)-এর ১৩৮ ধারার বিধান অনুযায়ী গার্মেন্টস শিল্পের জন্য এই বোর্ড গঠন করা হয়।

বোর্ডের নিরপেক্ষ সদস্য হিসেবে দায়িত্ব পেয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের লোকপ্রশাসন বিভাগের অধ্যাপক ড. মোসলেহ উদ্দিন আহমদ। মালিকপক্ষের প্রতিনিধি হিসেবে রয়েছেন বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশনের যুগ্ম মহাসচিব আসিফ আইয়ুব ও বিজিএমইএর পরিচালক এবিএম সামছুদ্দিন। অন্যদিকে শ্রমিকপক্ষের প্রতিনিধি হয়েছেন বাংলাদেশ জাতীয়তাবাদী শ্রমিক দলের সভাপতি আনোয়ার হোসাইন এবং বাংলাদেশ গার্মেন্টস অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল শ্রমিক ফেডারেশনের সাধারণ সম্পাদক বাবুল আখতার।

প্রজ্ঞাপনে বলা হয়েছে, শ্রম আইনের ১৩৮ ধারার ৩(ক) ও ৩(খ) উপধারায় দেওয়া ক্ষমতা এবং ১৩৯ ধারায় নির্ধারিত দায়িত্ব পালনের জন্য এ বোর্ড গঠন করা হয়েছে।

এর আগে শনিবার সকালে সচিবালয়ে পোশাকশ্রমিকদের বেতন বাড়ানোর লক্ষ্যে নতুন মজুরি বোর্ড গঠনের ঘোষণা দেন শ্রম ও কর্মসংস্থানমন্ত্রী আরিফুল হক চৌধুরী।

উল্লেখ্য, পোশাকশ্রমিকেরা মাসিক ন্যূনতম মজুরি ৩০ হাজার টাকা নির্ধারণের দাবি জানিয়ে আসছেন। এ দাবিতে চলমান আন্দোলনের মধ্যেই নতুন মজুরি বোর্ড গঠনের সিদ্ধান্ত নিয়েছে সরকার।